জাতীয় ই-বাণিজ্য/ই-বাণিজ্য নীতিমালা, ২০১৬

সূচীপত্র

প্রস্তাবনা (Preamble)

অধ্যায়-০১ঃ জাতীয় ই-বাণিজ্য নীতিমালা প্রণয়নের পটভূমি

১. ভূমিকা
২. যৌক্তিক ভিত্তি/ ই-বাণিজ্য ও বাংলাদেশের সংবিধান
৩. বিশ্ব প্রেক্ষাপট ও বাংলাদেশ
৪.কাঠামো ও অনুসৃত রীতি
৫. প্রেক্ষিত পরিকল্পনায় ই-কমার্স

অধ্যায়-০২ঃ জাতীয় ই-বাণিজ্য নীতিমালার বিবরণ

১. জাতীয় ই-বাণিজ্য নীতিমালার সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও মেয়াদ
২. জাতীয় ই-বাণিজ্য নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য

অধ্যায়-০৩ঃ বাস্তবায়ন কৌশলগত বিষয়

অধ্যায়-০৪ঃ কৌশলগত বিষয়সমূহ বাস্তবায়নের কর্ম-পরিকল্পনা

অধ্যায়-০৫ঃ জাতীয় ই-বাণিজ্য নীতিমালা পরিবীক্ষণ ও মূল্যায়ন

প্রস্তাবনা (Preamble)

প্রচলিত বিশ্বব্যবস্থায় উন্নয়নের প্রধান নিয়ামক হিসেবে তথ্য ও প্রযুক্তি খাত স্বীকৃত। এ ব্যবস্থার সাথে সঙ্গতি বিধান সাপেক্ষে সরকার দেশের শিক্ষা, ব্যবসা-বাণিজ্য, তথ্য ও যোগাযোগ সহ প্রায় সকল ক্ষেত্রে প্রযুক্তির সর্বাধিক ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে দেশের ব্যাপক জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার উদ্দেশ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য অর্থনৈতিক উন্নয়নের মূল হাতিয়ার। তথ্য ও প্রযুক্তি সারা বিশ্বব্যাপী উন্নয়নের এ খাতে ইতোমধ্যে ব্যাপকতর পরিবর্তন সাধন করেছে। তাই, বর্তমান যুগকে 'ই-বাণিজ্য' বা 'ই-বাণিজ্য' যুগ বলা অত্যুক্তি হবে না। বৈশ্বিক অর্থনৈতিক আধুনিক এ ব্যবস্থায় ই-বাণিজ্য বা ই-বাণিজ্য এর অস্তিত্ব বা গুরুত্বকে এড়িয়ে যাবার কোন উপায় নেই।

ই-বাণিজ্য নতুন ব্যবসায়ী উদ্যোক্তা তৈরী এবং গ্রামীন ও মফস্বল এলাকা তথা সারাদেশের শিক্ষিত/স্বল্পশিক্ষিত/অশিক্ষিত জনগোষ্ঠীর জন্য স্থানীয় পর্যায়ে ব্যাপকহারে কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করার মাধ্যমে তাদের জন্য স্বচ্ছল জীবন-যাপন এর সুযোগ সৃষ্টি করতে এবং রাজধানী সহ কতিপর শহর নির্ভর কর্মসংস্থান ব্যবস্থায় চাপ হ্রাসকরণে অগ্রণী ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। কেননা, এ নতুন ব্যবসা পদ্ধতিতে কোনরূপ মধ্যস্বত্বভোগীর সাহায্য ছাড়া শুধুমাত্র আইসিটি এবং ই-বাণিজ্য সম্পর্কিত মৌলিক জ্ঞান অর্জনের মাধ্যমে সম্পৃক্ত হওয়া যাবে। এ প্রেক্ষিতে, সরকারের ভিশন-২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন প্রক্রিয়া অধিকতর বেগবান হবে এবং সারা দেশে রপ্তানীযোগ্য বহুমুখী শিল্প প্রতিষ্ঠা ও উৎপাদনশীলতা বৃদ্ধি, রপ্তানী পণ্যের গুণগত মান ও তুলনামূক মূল্য নিশ্চিত করা, পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ, সম্ভাবনাময় তথ্য ও প্রযুক্তি-ভিত্তিক পণ্য ও সেবা রপ্তানীর বাজার সম্প্রসারণ, পণ্যের প্রাধিকার নির্ধারণ সহ বিভিন্ন কর্মকান্ড গতিশীল হবে। ফলশ্রুতিতে, দেশের জিডিপি দ্রুত বৃদ্ধি পাবে এবং সারাদেশের বৃহত্তর বেকার জনগোষ্ঠীকে ডিজিটাল অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার মাধ্যমে জাতীয় টেকসই উন্নয়ন গতিশীল ও সুনিশ্চিত করা সম্ভব হবে।

দেশের ব্যবসা-বাণিজ্যকে গতিশীল করা, প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে বাংলাদেশের অবস্থান উপযোগি ও সুদৃঢ়করণ সহ দেশের সার্বিক অর্থনৈতিক কর্মকান্ডকে বিকশিত ও আধুনিকায়ন করা এবং নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে ই-বাণিজ্য/ই-বাণিজ্য নীতির ভূমিকা অনস্বীকার্য। এটি সর্বজনবিদিত যে, আন্তর্জাতিক পরিমন্ডলের সাথে সামঞ্জস্যপূর্ণ উপযুক্ত একটি জাতীয় নীতিমালা ছাড়া বর্তমান বিশ্ব ব্যবস্থায় আস্থাজনক ব্যবসা উপযোগী পরিবেশ গঠন সম্ভব নয়; যা জাতীয় টেকসই উন্নয়নের পথে অন্যতম প্রতিবন্ধকতা। বিশেষভাবে উল্লেখ্য যে, ই-বাণিজ্য বা ই-বাণিজ্য এর সকল কর্মকান্ড বিদ্যমান আন্তঃরাষ্ট্রীয় এবং আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যের অনুরূপ বিধায় প্রস্তাবিত এ নীতিমালায় দেশের বিদ্যমান আমদানী ও রপ্তানী নীতিমালার বিষয়বস্তুসমূহকে সম্পূর্ণভাবে অক্ষুন্ন রেখে ই-বাণিজ্য/ই-বাণিজ্য সংক্রান্ত যাবতীয় বিষয়াদি অন্তভূক্তিকরণ, সম্প্রসারণ, করণীয় বিষয়ে অগ্রাধিকার নির্ধারণ সহ স্বল্প, মধ্যম এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন, কোম্পানী আইন সহ সংশ্লিষ্ট সকল প্রকার আইন এবং নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন ও পরিবর্ধন এর প্রস্তাবনা সম্বলিত জাতীয় ই-বাণিজ্য/ই-বাণিজ্য নীতিমালা, ২০১৬ এর খসড়া প্রস্তুত করা হয়েছে।

বিশ্ব ই-বাণিজ্য ব্যবস্থায় বাংলাদেশের অভিজ্ঞতা একান্ত নবীন এবং এ বিষয়ে আমাদের সুনির্দ্দিষ্ট কোন নীতিমালা এখনও প্রণীত হয়নি। এ প্রেক্ষাপট বিবেচনায়, খসড়া এ নীতিমালার বিষয়বস্তুতে প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং যাচাই-বাছাই এর লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর প্রতিনিধিগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে। অতঃপর প্রতিবেশী দেশসমূহ সহ বিশ্বের অন্যান্য দেশসমূহের ই-বাণিজ্য খাতে অভিজ্ঞতা ও প্রণীত নীতিমালা হতে বিস্তারিত জ্ঞানলাভের উদ্দেশ্যে উক্ত কমিটি e-Commerce Association of Bangladesh (e-CAB)-কে সাথে নিয়ে যৌথভাবে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং ই-বাণিজ্য খাতে দক্ষ, অভিজ্ঞ এক্সপার্টদের সমন্বয়ে এ নীতিমালা প্রণয়ন করা যেতে পারে।

অধ্যায়-০১

জাতীয় ই-বাণিজ্য নীতিমালা প্রণয়নের পটভূমি

১. যৌক্তিক ভিত্তি/ ই-বাণিজ্য ও বাংলাদেশের সংবিধান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর সংবিধানের ১৫, ১৬ এবং ১৯ নং অনুচ্ছেদের ভাষ্য নিম্নরূপঃ

> "১৫. (খ) রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হবে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদন শক্তির সমৃদ্ধি সাধন এবং জনগণের জীবনযাত্রার বস্তুগত ও সংস্কৃতিগত মানের দৃঢ় উন্নতি সাধন, যাহাতে কর্মের অধিকার, অর্থাৎ কর্মের গুণ ও পরিমাণ বিবেচনা করিয়া যুক্তিসঙ্গত মজুরীর বিনিময়ে কর্ম-সংস্থানের নিশ্চয়তার অধিকার অর্জন নিশ্চিত করা যায়"
>
> "১৬. নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা ও জনস্বাথ্যেও উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমুল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।"
>
> "১৯. (১) সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করিতে রাষ্ট্র সচেষ্ট হইবেন।
>
> (২) মানুষে মানুষে সামাজিক ও অর্থনৈতিক অসাম্য বিলোপ করিবার জন্য, নাগরিকদের মধ্যে সম্পদের সুষম বন্টন নিশ্চিত করিবার জন্য এবং প্রজাতন্ত্রেও সর্বত্র অর্থনৈতিক উন্নয়নের সমান স্তর অর্জনের উদ্দেশ্যে সুষম সুযোগ-সুবিধাদান নিশ্চিত করিবার জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।"

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিরবর্তমান বিশ্বব্যবস্থায় ই-বাণিজ্য সম্পর্কিত উদীয়মান সম্ভাবনাময় আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যের সুযোগ কাজে লাগিয়ে সারা দেশে রপ্তানীযোগ্য বহুমুখী শিল্প প্রতিষ্ঠা ও উৎপাদনশীলতা বৃদ্ধি, রপ্তানী পণ্যের গুণগত মান ও তুলনামূলক মূল্য নিশ্চিতকরণ, পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ, সম্ভাবনাময় তথ্য ও প্রযুক্তি-ভিত্তিক পণ্য ও সেবা রপ্তানীর বাজার সম্প্রসারণ, পণ্যের প্রাধিকার নির্ধারণ সহ বিভিন্ন কর্মকান্ড গতিশীলতা আনয়নের মাধ্যমে প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে বাংলাদেশের অবস্থান উপযোগি ও সুদৃঢ়করণ সহ সারাদেশের বৃহত্তর বেকার জনগোষ্ঠীকে ডিজিটাল অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা এবং জাতীয় টেকসই উন্নয়ন গতিশীল ও সুনিশ্চিত করার বাস্তবভিত্তিক কার্যকরী উদ্যোগ গ্রহণ করলে, দেশের সার্বিক অর্থনৈতিক কর্মকান্ড বিকশিত ও আধুনিকায়ন এবং নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এর ক্ষেত্র উন্মোচনেই-বাণিজ্য/ই-বাণিজ্য অসামান্য ভূমিকা পালন করতে পারে। তাই, এ নীতিমালা রাষ্ট্রর সকল পরিকল্পনাবিদ এবং নির্বাহী কর্মকর্তাদের জন্য একটি অনুসরণীয় নির্দেশিকা। একই সাথে এটি বেসরকারী যে কোন ব্যবসায়ী খাত, আইসিটি খাত, এনজিও ও সুশীল সামজের জন্য বিনিয়োগ, সামাজিক উদ্যোগ গ্রহণ ইত্যাদি আন্তঃরাষ্ট্রীয় ও আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত কর্মকান্ড পরিচালনার জন্য একটি সার্বিক দিকনির্দেশনা।

২. বিশ্ব প্রেক্ষাপট ও বাংলাদেশ

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত রূপকল্প-২০২১ পরিকল্পনা সারাদেশে বিভিন্ন সেক্টরে বাস্তবায়ন এর কাজ একযোগে চলমান রয়েছে। বর্তমান বিশ্বব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত উন্নয়নের অন্যতম চালিকা

শক্তিহিসেবে সর্বজন স্বীকৃত। উন্নয়নের এ ডিজিটাল প্রবাহে অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ দেশের ইন্টারনেট সংক্রান্ত অবকাঠামো উন্নয়নে অনেকাংশে এগিয়ে গেছে এবং বিগত কয়েক বছরে ডিজিটাল বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর প্রশাসন ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য, কৃষি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জনসেবা সহ বিভিন্ন উন্নয়নমূখী উদ্যোগ গ্রহণ করেছে।

এ প্রেক্ষিতে, জনসাধারণের প্রত্যাশা পূরণে বিভিন্ন পর্যায়ে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগ বাস্তবায়িত হয়েছে এবং তা বিশ্বদরবারে প্রশংসিত হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তিগত বেশকিছু সুবিধা সারাদেশে ব্যাপকহারে প্রসাারণ এবং তা থেকে প্রত্যক্ষভাবে উপকৃত হওয়ায় দেশব্যাপী জনসাধারণের মধ্যে প্রযুক্তিগত অপরাপর সুবিধাসমূহ হতে আরও বেশী লাভবান হওয়ার আকাঙ্খা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। মোবাইল প্রযুক্তি এক্ষেত্রে অন্যতম নিয়ামকের ভূমিকা পালন করে। বর্তমানে সারাদেশ ৩-জি নেটওয়ার্কের আওতাভুক্ত এবং নেটওয়ার্ক সিস্টেমে ৪-জি নেটওয়ার্ক এর অতি শীঘ্রই অন্তর্ভূক্তিকরণের বিষয়টি প্রক্রিয়াধীন। উল্লেখ্য, সারাদেশে ইউনিয়ন পর্যায়ে মোট ৫,২৭৫টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার যা আইসিটি নেটওয়ার্ক কানেক্টিভিটি এর আওতাভুক্ত যার মাধ্যমে প্রান্তিক পর্যায়ের বৃহৎ জনগোষ্ঠী জীবন ঘনিষ্ঠ নানাবিধ বিষয়ে যেমন- পরীক্ষার ফলাফল, কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তির তথ্য, চাকুরী বিষয়ক তথ্য, ইউটিলিটি বিল পরিশোধ, ই-মেইল যোগাযোগ, জন্ম-মৃত্যুর নিবন্ধন, মোবাইল ব্যাংকিং সহ বিবিধ সরকারী সেবা প্রদান সম্ভব হয়েছে। এমতাবস্থায়, বাস্তবতার প্রেক্ষাপটে এই নীতিমালার এ্যাকশন প্ল্যানে উল্লিখিত অবকাঠামোগত উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন মেয়াদী পরিকল্পনাসমূহ বাস্তবায়ন সহজেই সম্ভব বলে আশা করা যায়।

বর্তমান বিশ্ব বাণিজ্য ব্যবস্থায় সংযুক্ত হওয়ার মাধ্যমে জাতীয় টেকসই উন্নয়ন বেগবান করার স্বার্থে দেশের অর্থনৈতিক কাঠামোকে যুগোপযোগীকরণের মাধ্যমে ডিজিটাল অর্থনৈতিক কাঠামোতে রূপান্তর করা সময়ের দাবী। বিগত ২০০৯ সালে দেশে মোবাইল ব্যবহারকারীর মোট সংখ্যা ছিল ৫.২৪ কোটি যা প্রতি বছর গড়ে ২১% হারে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে ১২.৫৯ কোটিতে উন্নীত হয় এবং ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ৪.৭৪ কোটিতে পৌঁছায়। বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) এর সূত্র মতে, বর্তমানে দেশে মোবাইল ফোন ব্যবহারকারীর সংখ্যা ১২.৮৯ কোটি এবং ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ৬.৩৯ কোটি যা গোটা ইংল্যান্ড এর মোট জনসংখ্যার প্রায় সমান।২০১৫ সালে দেশের মোট জনসংখ্যার ২৫% ইন্টারনেট ব্যবহার করেছে যা বিটিআরসি'র সূত্রমতে, ২০১৬ সালের মধ্য সময় পর্যন্ত ৩৯% বেড়েছে যেখানে উন্নত দেশের সাথে তুলনা চিত্রে দেখা যায় যে, ইউরোপীয় ইউনিয়নে এই হার ৭৬%। মোবাইল ফোন ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেছে। বিটিআরসি'র প্রতিবেদন অনুযায়ী, বর্তমানে বাংলাদেশের মোট ১৩১.৩৭ মিলিয়ন মানুষ মোবাইল ফোন ব্যবহার করছে যা মোট জনসংখ্যার শতকরা ৮০ ভাগ যেখানে ভারত এবং পাকিস্তানে এই পরিসংখ্যান যথাক্রমে ৭৮% এবং ৬৬%।



UNCTAD ১৩০টি দেশের ই-বাণিজ্য খাতসমূহ নিরীক্ষান্তে B2C E-commerce Index প্রস্তুত করেছে। দেখা যায় যে, ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা একটি দেশের ই-বাণিজ্য খাতের অবস্থান নির্ণয়ের প্রধান সূচক হিসেবে কাজ করে।

দেশে ই-বাণিজ্য কর্মকান্ড দ্রুত বৃদ্ধি পাচ্ছে। প্রতি মাসে নতুন নতুন সাইট এর আগমন ঘটছে। যদিও এ খাতের বর্তমান অবস্থা এবং ই-বাণিজ্য ইন্ডাস্ট্রীর সঠিক সংখ্যা সম্পর্কে খুব একটা গবেষণা পরিচালিত হয়নি; তবে Kaymu.com.bd কর্তৃক সম্প্রতি প্রকাশিত 'A Report on e-commerce Trends in Bangladesh' শীর্ষক প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে ই-বাণিজ্য খাত ধীরে ধীরে উন্নতি করছে। এ প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য নিম্নোক্ত ছকে প্রদর্শণ করা হলোঃ

E-Commerce Growth Rate			
Year	Q1-Q2	Q2-Q3	Q3-Q4
2014 (Recorded)	27%	39%	51%
2015 (Predicted)	60%	72%	79%
2016 (Predicted)	85%	95%	100%

উপরোক্ত ছক অনুযায়ী দেখা যায় যে, ২০১৫ এবং ২০১৬ সালে এই হার বৃদ্ধি অব্যাহত রয়েছে। Kaymu-এর ভবিষ্যবাণী অনুযায়ী, ই-বাণিজ্য খাতে লেনদেন প্রতিবছর কমপক্ষে ১০% বৃদ্ধি পাবে।

ই-বাণিজ্য এর ক্রেতারা মূলতঃ শহর-কেন্দ্রিক; তন্মধ্যে ৮০% ক্রেতার ঢাকা, গাজীপুর ও চট্টগ্রামের। এদের মধ্যে ৩৫% ঢাকার, ৩৯% চট্টগ্রামের এবং ১৫% গাজীপুরের অধিবাসী। অন্য দু'টি শহর হলো ঢাকার অদূরে নারায়নগঞ্জ এবং অন্যটি আরেকটি মেট্রোপলিটান শহর সিলেট। ৭৫% ই-বাণিজ্য ব্যবহারকারীর বয়স ১৮-৩৪ বছরের মধ্যে।



গুগল ব্যবহারকারীদের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, বেশীরভাগ ব্যবহারকারী বয়সে তরুন। ২০১৩-২০১৫ সালের পরিসংখ্যান পর্যালোচনায় মোবাইল ফোন এবং ইলেকট্রনিক্স সামগ্রীর অনুসন্ধান সবচেয়ে বেশী বলে পরিলক্ষিত হয়। এছাড়া, ফ্যাশন আইটেম যেমন পোষাক, ঘড়ি ইত্যাদি বেশী অনুসন্ধান করা হয়। Kaymu এর তথ্য মতে, মোবাইল ব্যাংকিং এবং ইন্টারনেট ব্যাংকিং ব্যবস্থা প্রচলিত থাকলেও ৯৫% ভোক্তা এখনও ক্যাশ অন ডেলিভারী পদ্ধতিকে বেশী পছন্দ করে।

বাংলাদেশের মোট জনসংখ্যা ১৬ কোটি এর ৬৫% মানুষের বয়সসীমা ৩৫ বছর। সংখ্যার দিক থেকে তাই বাংলাদেশ শুধুমাত্র বৃহৎ (জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে ৮ম) নয়; মোবাইল ও ইন্টারনেট সহ প্রযুক্তিগত উপকরণের বৃহৎ অংশীদার এই যুব সম্প্রদায়। এ বিবেচনায় যুব সম্প্রদায় সংখ্যার দিক থেকেও বাংলাদেশ বৃহৎ একটি দেশ। এছাড়া, প্রতি বছর বাংলাদেশের গড় জিডিপি প্রবৃদ্ধির হার প্রায় ৭% যা বর্ধিষ্ণু নগরভিত্তিক মধ্যবিত্ত শ্রেণীর আয় বাড়িয়ে দিয়েছে। উল্লেখ্য, দেশের এ মধ্যবিত্ত শ্রেণী-ই ই-বাণিজ্য কর্মকান্ডের মূল চালিকাশক্তি। ফলে, দেশে ই-বাণিজ্য খাত এর কাঙ্খিত উন্নয়ন যুগের দাবী।

ই-বাণিজ্য খাত দেশের জন্য যুগোপযোগী ও সম্ভবনাময় খাত হিসেবে সরকারের কাছে বিবেচিত। কেননা, অতীতের সকল প্রযুক্তির তুলনায় বর্তমান ইন্টারনেট প্রযুক্তি উন্নয়নশীল দেশগুলোর জন্য অনেক বেশী সুযোগ সৃষ্টি করেছে। বর্তমান বিশ্ব ব্যবস্থার প্রেক্ষাপটে স্পষ্ট প্রতীয়মান, ই-বাণিজ্য শিল্প ও উৎপাদন জগতে বৈপ্লবিক পরিবর্তন সাধন এবং তাৎপর্যপূর্ণভাবে দেশের জিডিপি-তে প্রত্যক্ষ অবদান রাখতে সক্ষম। ই-বাণিজ্য এর মাধ্যমে সহজেই আন্তর্জাতিক বিশাল বাজারে প্রবেশের সুযোগ ও গবেষণার অবাধ ক্ষেত্র সৃষ্টি, আন্তর্জাতিক মূল্য প্রক্রিয়ার সাথে সম্পৃক্ততা, অভ্যন্তরীণ বাজার ব্যবস্থার উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি এবং স্বল্প খরচে লেনদেনসহ নানাবিধ সুবিধা পাওয়া সম্ভব। ফলশ্রুতিতে, দেশের রপ্তানী উন্নয়ন, তথ্য ও প্রযুক্তি সহ সংশ্লিষ্ট খাতসমূহে অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ার সুযোগ রয়েছে।

সময় ও জন আকাঙ্খা পূরণে সরকার 'ভিশন ২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ' সম্পর্কিত পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে ডিজিটাল জাতিতে পরিণত করার বিষয়ে বদ্ধ পরিকর। এর ধারাবাহিকতায় ই-বাণিজ্য বিষয়ে ডব্লিউটিও ও ই-বাণিজ্য খাতে বিশ্বের বিভিন্ন দেশের নীতিমালায় উল্লিখিত দিকনির্দেশনা এবং বাংলাদেশের প্রচলিত বিভিন্ন নীতিমালা, আইন ও পরিকল্পনাসমূহের আলোকে প্রথম পদক্ষেপ হিসেবে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

৩. কাঠামো ও অনুসৃত রীতি

একটি মাত্র রূপকল্প, ১৬ টি উদ্দেশ্য, ১৬টি কৌশলগত বিষয়বস্তু এবং ১৮১ টি করণীয় বিষয়ে এ নীতিমালায় পিরামিড আকারে ক্রমবিভক্ত করে সাজানো হয়েছে।

রূপকল্প ও উদ্দেশ্যকে জাতীয় লক্ষ্য, রপ্তানী ও আমদানী নীতিমালা, সংশ্লিষ্ট আইন ও অন্যান্য কাঠামোর সাথে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে।বৃহত্তর উদ্দেশ্যের সাথে সঙ্গতি বিধান সাপেক্ষে কৌশলগত বিষয়বস্তু নির্ধারণ করা হয়েছে, যার সুফল আইসিটি এবং ই-বাণিজ্য পদ্ধতিতে ব্যবসা-বাণিজ্য পরিচালনার মাধ্যমে পাওয়া যাবে।

এই নীতিমালার ক্ষেত্রে রূপকল্প, উদ্দেশ্য, কৌশলগত বিষয়বস্তু ইত্যাদির নিম্নরূপ সংজ্ঞা সুনির্দিষ্ট করে দেয়া হয়েছেঃ

রূপকল্প (Vision)ঃ বাংলাদেশের ই-বাণিজ্য খাত-কে যুগোপযোগীকরণের মাধ্যমে সামগ্রিক উন্নয়ন সাধন ও টেকসই জাতীয় অর্থনীতি গঠনে সহায়ক ভূমিকা পালন এবং সারাদেশে ই-বাণিজ্য উদ্যোক্তা তৈরী ও অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

উদ্দেশ্য (Objective)ঃ রূপকল্প অর্জনের জন্য পরস্পর সম্পর্কযুক্ত কতগুলো লক্ষ্যমাত্রা।

কৌশলগত বিষয় (Strategic Aspect)ঃ নির্দিষ্ট কতগুলো করণীয় বিষয়ের উন্নয়ন ও বাস্তবায়নের জন্য ব্যাপকভিত্তিক সুপারিশ।

কর্ম-পরিকল্পনা (Action Plan)ঃ কৌশলগত বিষয়ের আওতাভুক্ত একটি কাজ যার ফলাফল, সময়সীমা এবং বাস্তবায়নকারী সুনির্দিষ্ট।

৩. প্রেক্ষিত পরিকল্পনায় ই-কমার্সঃ

রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১), ৬ষ্ঠ (২০১১-২০১৫) এবং ৭ম (২০১৬-২০২০) পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ পরিকল্পনায় ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে তথ্য-প্রযুক্তি খাত শক্তিসালীকরণকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করতে উদ্ভাবনক্ষম জনশক্তি গড়ে তোলাকে অগ্রাধিকার প্রদান করায় এটি স্পষ্ট হয়েছে যে, আগামী এক দশকে আইসিটির উন্নয়নই হবে সমস্ত উন্নয়ন এজেণ্ডার উপজীব্য। এক্ষেত্রে জনগণের সাথে ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের আর্থিক লেনদেন ই-কমার্সের মাধ্যমে সম্পন্ন হবে। যার ফলে এ নীতিমালাটি অপরিহার্য অঙ্গ হিসেবে বিবেচিত হবে।

কর্ম-পরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য নিম্নরূপ মেয়াদ স্থির করা হয়েছেঃ

- স্বল্প-মেয়াদী (২০১৭ সাল),
- মধ্য-মেয়াদী (২০১৯ সাল), এবং
- দীর্ঘ-মেয়াদী (২০২১ সাল)।

তবে যে সকল করণীয় বিষয়াদি বাস্তবায়নে অপেক্ষাকৃত বেশী সময় প্রয়োজন, সেগুলো একাধিক মেয়াদব্যাপী বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে।

অধ্যায়-০২

জাতীয় ই-বাণিজ্য নীতিমালার বিবরণ

১. জাতীয় ই-বাণিজ্য নীতিমালার সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও মেয়াদ

২.১. সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও মেয়াদ-

২.১.১. এ নীতিমালা 'জাতীয় ই-বাণিজ্য নীতিমালা, ২০১৬'নামে অভিহিত হবে।

২.১.২. ভিন্নরূপ উল্লিখিত না হলে এ নীতিমালার আওতায় আমদানী ও রপ্তানী নীতিমালায় উল্লিখিত নিষিদ্ধ পণ্য ও সেবা ব্যতিরেকে বাংলাদেশে সকল প্রকার পণ্য ই-বাণিজ্য প্রক্রিয়ায় আমদানী ও রপ্তানী-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২.১.৩. এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং ২০২১ সালের জুন পর্যন্ত বলবৎ থাকবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ তারিখ অতিক্রান্ত হওয়ার পর নতুন নীতিমালা জারি না হওয়া পর্যন্ত এ নীতিমালার কার্যকারিতা অব্যাহত থাকবে।

২.১.৪. এ নীতিমালায় যা কিছু থাকুক না কেন, সময়ে সময়ে অর্থ আইন বা অন্য কোন আইনের অধীনে প্রজ্ঞাপন, বিজ্ঞপ্তি বা আদেশে আমদানী বা রপ্তানী সংক্রান্ত সুনির্দিষ্ট কোন বিধান জারি করা হলে উক্ত বিধান, এ নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, এ নীতিমালার উপর প্রাধান্য পাবে।

২.১.৫. এ নীতিমালার আওতায় ই-বাণিজ্য ব্যবসা প্রতিষ্ঠান বলতে এমন কোম্পানীকে বোঝাবে যা কোম্পানী এ্যাক্ট-১৯৯৪-এর আইন দ্বারা নিবন্ধিত, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৫, জাতীয় আমদানী ও রপ্তানী নীতিমালা,সংশ্লিষ্ট আইন ও বিধিমালা এর আলোকে এবং এর সাথে সাথে (যেখানে যা প্রযোজ্য) বিদেশী বেসরকারী বিনিয়োগ আইন-১৯৮০ (প্রচার ও সুরক্ষা) বা বাংলাদেশ বিনিয়োগ প্রবিধান ১৯৮৯, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ আইন-১৯৮০, টেলিযোগাযোগ আইন-২০০১, শিল্প আইন- ২০০৫ ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন- ২০১০ দ্বারা পরিচালিত।

২.১.৬. এই নীতিমালার আওতায় উৎপাদনকারী প্রতিষ্ঠান, আমদানীকারকের নিজস্ব ওয়েবসাইট, প্রথাগত বাণিজ্যিক প্রক্রিয়ায় পরিচালিত দোকান (Brick and Morter Shop), শ্রেণীবদ্ধ ওয়েবসাইট, বিদেশী ই-বাণিজ্য কোম্পানীর মার্কেটিং প্রতিষ্ঠান, মাল্টি-লেভেল মার্কেটিং কোম্পানী (MLM), মোবাইল অপারেটর ও তাদের সিস্টার কনসার্ন, ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান, ডিজিটাল আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং ট্রেড লাইসেন্স এবং চূড়ান্ত ডিজিটাল প্রক্রিয়া (পণ্য ও সেবা অর্ডার এবং লেনদেন এর জন্য) বিহীন ফেসবুক পেইজ ই-বাণিজ্য স্বত্বা হিসেবে বিবেচিত হবে না।

২. জাতীয় ই-বাণিজ্য নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য

রূপকল্প (Vision)

বাংলাদেশের ই-বাণিজ্য খাত-কে বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) ও ই-বাণিজ্য খাতে বিশ্বের বিভিন্ন দেশ কর্তৃক প্রণীত নীতিমালায় উল্লিখিত দিকনির্দেশনা এবং বাংলাদেশের প্রচলিত বিভিন্ন নীতিমালা, আইন ও পরিকল্পনাসমূহের আলোকেদেশের ই-বাণিজ্য খাতের সক্ষমতা (Strength) ও দূর্বলতা (Weakness) চিহ্নিতকরণ, দূর্বলতা দূরীকরণে আশু করণীয় উপায় অনুসন্ধান এবং যুগোপযোগীকরণের মাধ্যমে দেশের ই-বাণিজ্য খাতের সামগ্রিক উন্নয়ন সাধন; তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিষয়বস্তুকে বহুমূখীকরণের মাধ্যমে সম্প্রসারণ; একটি স্বচ্ছ, দায়বদ্ধ ও জবাবদিহিতামূলক বাণিজ্যিক ব্যবস্থা প্রতিষ্ঠা; দূর্নীতি হ্রাসকরণ ও প্রতিরোধের মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি; দক্ষ মানব সম্পদ উন্নয়ন নিশ্চিতকরণ; ডিজিটাল ডিভাইড ও গ্যাপ দূরীভূতকরণের মাধ্যমে সামাজিক সমতা ও ন্যায়পরায়ণতা বৃদ্ধি; সরকারী-বেসরকারী অংশীদারিত্বে ই-বাণিজ্য ভিত্তিক উদ্যোক্তা তৈরী; অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; এবং টেকসই জাতীয় অর্থনীতি গঠনের মাধ্যমে দেশকে মধ্যম আয়ের দেশে উন্নীতকরণের জাতীয় লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন।

উদ্দেশ্য (Objectives)

- **সামাজিক ন্যায়পরায়ণতা/সমতা (Social Equity) নিশ্চিতকরণঃ** প্রতিবন্ধী অথবা বিশেষ সহায়তা লাগতে পারে এমন ব্যক্তিসহ নারী-পুরুষ নির্বিশেষে সকলের ই-বাণিজ্য খাতে সম-সুযোগ এবং সম-অংশগ্রহণ নিশ্চিতকরণে সামাজিকন্যায়পরায়ণতা ও লিঙ্গ সমতা বিধান করা।

- **নীতির প্রতি আস্থা ও দায়বদ্ধতা (Integrity)ঃ** ই-বাণিজ্য খাতের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে দক্ষ জনবল তৈরী, নীতির প্রতি আস্থা ও শ্রদ্ধা প্রদর্শণপূর্বক ই-কমার্সের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনায় সরকার এবং বাণিজ্যিক সংগঠনের সকল সদস্যের অংশগ্রহণ, সরকার কর্তৃক ই-বাণিজ্য সংক্রান্ত আস্থাজনক পরিবেশ সৃষ্টি ও সেবা প্রদানে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

- **সর্বজনীন প্রবেশাধিকার (Universal Access) নিশ্চিতকরণঃ** সকলের জন্য টেলিযোগাযোগ প্রযুক্তি ও ইন্টারনেটে অভিগম্যতা সহজীকরণ সহ ই-বাণিজ্য খাতে সর্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণে নির্ভরযোগ্য আইসিটি, সড়ক ও যোগাযোগ অবকাঠামো উন্নয়ন এবং এফবিসিসিআই ভুক্ত চেম্বার অব কমার্স এর সকল সদস্যসহ SMME মডেলভুক্ত এবং ক্ষুদ্র ও কুটির শিল্প সহ সকল শিল্প ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের জন্য ই-বাণিজ্য খাতে অংশগ্রহণ বাধ্যতামূলক করার উদ্যোগ গ্রহণ।

- **ই-বাণিজ্য/E-Business সম্পর্কিত কর্মকান্ড পরিচালনা বিষয়ক কার্যালয় প্রতিষ্ঠাঃ** দেশের ই-বাণিজ্য খাতকে বর্তমান বিশ্বে প্রচলিত ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণকরণ এবং এ খাত এর দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়ন সাধনের লক্ষ্যে ই-বাণিজ্য সম্পর্কিত বিষয়সমূহে গবেষণা কার্য পরিচালনা, তথ্য ও উপাত্ত সংগ্রহ, সমস্যা চিহ্নিতকরণ এবং পরীক্ষা-নীরিক্ষা ও পর্যালোচনার মাধ্যমে বিদ্যমান ও উদ্ভুত সমস্যা নিরসনে সুপারিশ প্রদানের নিমিত্তে সরকার এবং দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন, e-Commerce Association of Bangladesh (e-CAB) ও Bangladesh Association of Software and Information Services (BASIS) এর প্রতিনিধিগণের সমন্বয়ে বিভিন্ন কার্যকরী কমিটি যেমন-Advisory Committee, Inter-agency Planning Committee,Technical Committee গঠন এবং E-Business উন্নয়ন বিষয়ক কার্যালয়/সেন্টার প্রতিষ্ঠা।

- **ই-বাণিজ্য খাত এর সক্ষমতা (Strength) ও দূর্বলতা (Weakness) চিহ্নিতকরণ এবং করণীয় অনুসন্ধান ও বাস্তবায়নঃ** বিশ্ব বাণিজ্য সংস্থা ও ই-বাণিজ্য খাতে বিশ্বের বিভিন্ন দেশ কর্তৃক প্রণীত নীতিমালায় উল্লিখিত বিষয়বস্তুর আলোকে সক্ষমতা (Strength) ও দূর্বলতা (Weakness) চিহ্নিতকরণ এবং ই-বাণিজ্য খাত সংশ্লিষ্ট সক্ষমতার সঠিক প্রয়োগ এবং দূর্বলতা দূরীকরণে মেকানিজম অনুসন্ধান ও বাস্তবায়ন এবং যুগোপযোগীকরণ এর মাধ্যমে দেশের ই-বাণিজ্য খাতের সামগ্রিক উন্নয়ন সাধন।

- **ই-বাণিজ্য খাতের সম্প্রসারণে মানব সম্পদ উন্নয়নঃ** আইসিটি এর বিষয়বস্তু এবং ই-বাণিজ্য সম্পর্কিত বিষয়সমূহ দেশের শিক্ষা পাঠ্যক্রম ও প্রশিক্ষণ কর্মসূচীতে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে শিক্ষার পরিধি সম্প্রসারণ ও মান উন্নয়ন করা; মেধাসম্পদ এবং দক্ষ ডিজিটাল অর্থনৈতিক জনবল তৈরী।

- **ই-বাণিজ্য খাত সংশ্লিষ্ট ঝুঁকি চিহ্নিতকরণ এবং ব্যবস্থাপনা ও তদারকিঃ** ই-বাণিজ্য এর মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় এবং আর্থিক লেনদেন সংক্রান্ত সাইবার অপরাধ, সাইবার পাইরেসী, হ্যাকিং, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং সহ বিভিন্ন বিষয়ে বিদ্যমান ও উদ্ভুত ঝুঁকি চিহ্নিতকরণ, ব্যবস্থাপনা ও তদারকি এরকার্যকরী মেকানিজক উদ্ভাবন ও প্রয়োগ।

- **আইনী অবকাঠামো প্রণয়নঃ** বিশ্ব বাণিজ্য সংস্থার দিকনির্দেশনা এবং দেশের প্রচলিত বিভিন্ন নীতিমালা, আইন ও পরিকল্পনাসমূহের আলোকে দেশের ই-বাণিজ্য খাত এর মাধ্যমে পরিচালিত ব্যবসা-বাণিজ্য ও লেনদেন সংক্রান্ত নিরাপত্তা, নিয়ন্ত্রণ, তদারকি এবং বিচার সম্পর্কিত কার্যক্রম পরিচালনার জন্য সুনির্দিষ্ট আইনী অবকাঠামো প্রণয়ন।

- **ই-বাণিজ্য সম্পর্কিত গবেষণা কার্যক্রম পরিচালনাঃ** দ্রুত পরিবর্তনশীল ডিজিটাল বিশ্বব্যবস্থায় উদ্ভুত বিষয়বস্তু, বিশ্ব মার্কেট এর বিভিন্ন চলক ও উপাদানসমূহ নিয়ে নিয়মিত গবেষণা কার্য পরিচালনা, সমস্যা চিহ্নিতকরণ এবং চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করায় সরকারকে করণীয় বিষয়ে সুপারিশ প্রদান এবং উপযুক্ত সৃজনশীল প্রযুক্তিগত সমাধান অনুসন্ধান।

- **ই-বাণিজ্য সহায়ক নিরাপদ ও আস্থাজনক পরিবেশ সৃষ্টিঃ** ই-বাণিজ্য খাতের বিভিন্ন দিকসমূহ ও কর্মকান্ড সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্য পরিচালনা, এ খাতের মাধ্যমে ক্রয়-বিক্রয় জনিত ভয় দূর করার বিভিন্নমূখী পদক্ষেপ গ্রহণ, এ খাতে বাংলাদেশের অবস্থান তুলে ধরার জন্য দেশের সকল জেলা শহরে এবং বিদেশে নিয়মিতভাবে ই-বাণিজ্য মেলার আয়োজন, দেশী ও বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে সরকারের সেবামূলক বিষয়সমূহকে একটি নিরাপদ আন্তঃপরিচালন (Inter-operability) প্রক্রিয়ার আওতাভুক্তকরণ, সুনির্দিষ্ট কেন্দ্রীয় ই-বাণিজ্য পোর্টাল প্রবর্তন, লেনদেন সংক্রান্ত বিষয়ে উদ্ভুত সমস্যা ও অসন্তোষ নিরসনে সুনির্দিষ্ট আইনী কাঠামো প্রণয়ন এবং বাস্তবায়ন নিশ্চিতকরণ সহ ই-বাণিজ্য সহায়ক নিরাপদ ও আস্তাজনক পরিবেশ সৃষ্টির সামগ্রিক পদক্ষেপ গ্রহণ।

- **ই-বাণিজ্য এর মাধ্যমে দেশীয় পণ্য ও সেবা আমদানী ও রপ্তানীঃ** দেশের বিদ্যমান নীতিমালা ও আইন এর বিষয়বস্তু অক্ষুন্ন রেখে অভ্যন্তরীণ ও বিশ্ববাজারের চাহিদা মেটাতে, বৈদিশিক বাণিজ্য হতে আয় বাড়াতে এবং বিভিন্ন খাতে বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করতে ই-বাণিজ্য এর মাধ্যমে সকল প্রকারের পণ্য ও সেবা আমদানী ও রপ্তানী বিষয়ক কর্মকান্ড ই-কমার্সের আওতাভুক্তকরণ এবং আমদানী নির্ভরশীলতা কমাতে আইসিটি শিল্প ও সেবা খাতসহ সকল শিল্পের উন্নয়ন নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ।

- **ই-বাণিজ্য খাতে বিনিয়োগের সাধারণ নিয়মাবলীঃ** দেশীয় ই-বাণিজ্য ইন্ডাস্ট্রী এর স্বার্থসমূহ প্রাধিকার প্রদানপূর্বক আইসিটি খাত সহ সকল খাতে দেশী ও বিদেশী বিনিয়োগ উদ্ভুদ্ধকরণ এবং ই-বাণিজ্য এর মাধ্যমে ব্যবসা

পরিচালনায় কোম্পানী/ই-বাণিজ্য ব্যবসায়ী নিবন্ধন(Registration) এবং মোবাইল অপারেটরদের নেট নিরপেক্ষতা (Net Neutrality) বাস্তবায়ন।

- **কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিঃ** ই-কমার্সের সম্ভাবনা কাজে লাগিয়ে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্য ও সেবা এর নতুন নতুন মার্কেট সৃষ্টি ও চাহিদা অনুযায়ী সারাদেশে SMME-ভুক্ত শিল্প বিস্তার এবং যথাযথ প্রশিক্ষণ সুবিধা নিশ্চিত করে আইসিটি বিষয়ক দক্ষ পেশাজীবী তৈরীর মাধ্যমে অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

- **ডিজিটাল মার্কেটিংঃ** ডিজিটাল প্রযুক্তি তথা ইন্টারনেট সুবিধা ব্যবহার করে সামাজিক মাধ্যম যেমন ফেসবুক, লিঙ্কড-ইন ও গুগল সার্চ ইঞ্জিন, ওয়েব ও ডিজিটাল যে কোন মিডিয়া ভিত্তিক মার্কেটিং এবং বিজ্ঞাপণ ব্যবস্থায় পরিচালিত ই-বাণিজ্য বাণিজ্য সহজীকরণ ও সম্প্রসারণ, ব্যবসা পরিচালনায় বাণিজ্যিক লাইসেন্স ও সনদ গ্রহণ এর বাধ্যবাধকতা নির্ধারণ, বিজ্ঞাপনে শঠতামূলক কর্মকান্ড নিরোধের আইনী ব্যবস্থা স্থিরকরণ, বিজ্ঞাপন সংক্রান্ত বিল প্রদান প্রক্রিয়া ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা এবং ভ্যাট ও কর অব্যাহতি সহ নানাবিধ সুবিধা প্রদানের মাধ্যমে ই-বাণিজ্য এর প্রচার ও প্রসারে সহযোগিতা প্রদান।

- **ওয়েবসাইট ডেভেলপমেন্ট, হোস্টিং এন্ড মেইনটেন্যান্স এবং কনটেন্ট ডেভেলপমেন্টঃ** ওয়েবসাইট ডেভেলপমেন্ট, হোস্টিং এন্ড মেইনটেন্যান্স এবং কনটেন্ট ডেভেলপমেন্ট সংশ্লিষ্ট নানাবিধ বিষয় সম্পর্কে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ।

- **ই-বাণিজ্য সহায়ক বিষয়সমূহঃ** ই-বাণিজ্য ইন্ডাস্ট্রীর এর সম্পদের মূল্য নির্ধারণ সংক্রান্ত মেকানিজম প্রয়োগ, আর্থিক সহায়তা ও প্রণোদনা প্রদান, স্বল্পসুদে ব্যাংক ঋণ এর ব্যবস্থা, ইএফটি সহ বাংলাদেশ ব্যাংক এর লোন স্কীমে আইসিটি বিষয়ক ইন্ডাস্ট্রী এবং SMME-ভুক্ত শিল্প অন্তর্ভুক্তি ও অগ্রাধিকার প্রদান, সারাদেশের সড়ক অবকাঠামোগত উন্নয়ন, বাংলাদেশ পোস্টাল ও কুরিয়ার সার্ভিস সেবা উন্নয়ন, প্রান্তিক পর্যায়ে স্বল্পমূল্যে ব্রডব্যান্ড ও উচ্চ ব্যান্ডউইথ সম্পন্ন ওয়াইফাই ইন্টারনেট সুবিধা প্রদান সহ বিভিন্ন ই-বাণিজ্য সহায়ক পদক্ষেপ গ্রহণ।

অধ্যায়-০৩

বাস্তবায়ন কৌশলগত বিষয়

১. সামাজিক সমতা (Social Equity)

১.১. মেট্রোপলিটান শহর এর পাশাপাশি অন্যান্য জেলা শহর, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের গ্রামীন জনগোষ্ঠীদের মধ্যে অর্থনৈতিক ও ডিজিটাল সুবিধা সম্পর্কিত বৈষম্য দূর করে নিম্নআয়ের সম্প্রদায়, অনগ্রসর জনগোষ্ঠী এবং নারী-পুরুষ নির্বিশেষে শিক্ষিত/স্বল্প-শিক্ষিত বেকার যুবসম্প্রদায় এর জন্য ই-বাণিজ্য ভিত্তিক ডিজিটাল সুবিধা প্রদান।

১.২. ই-বাণিজ্য ভিত্তিক আইসিটি বিষয়ে যথাযথ প্রশিক্ষণ কর্মসূচীতে প্রান্তিক পর্যায়ের জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং নতুন নতুন ব্যবসায়ী উদ্যোক্তা তৈরীর মাধ্যমে বিভিন্নমুখী কর্মসংস্থান সৃষ্টি।

১.৩. আইসিটি অবকাঠামোর কাঙ্খিত উন্নয়ন সাধনের মাধ্যমে 'সর্বত্র ইন্টারনেট, সবার জন্য ইন্টারনেট' শীর্ষক রূপকল্প দ্রুত বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।

১.৪. সারাদেশে স্বল্পব্যয়ে উন্নতমানের ব্যান্ডউইথ নিশ্চিতকরণ।

১.৫. ইউনিয়ন ডিজিটাল সেন্টার পর্যন্ত ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধা প্রদানের ব্যবস্থাকরণ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারে একটি উপযুক্ত সাইবার ক্যাফে স্থাপনের উদ্যোগ গ্রহণ।

১.৬. গ্রাম ও মফস্বলের কারিগরদের জন্য ওয়েব, ফেসবুক ভিত্তিক এবং মোবাইল অ্যাপস সমৃদ্ধ ই-বাণিজ্য ব্যবস্থা প্রবর্তন।

১.৭. গ্রামীন স্বল্প-শিক্ষিত/ শিক্ষিত বেকার যুবসম্প্রদায় (নারী ও প্রতিবন্ধী সহ) এর জন্য দেশে ও বিদেশে কৃষি, খামার ও অন্যান্য ক্ষুদ্রশিল্প ভিত্তিক পণ্যের বাজার তৈরী ও সম্প্রসারণ।

১.৮. কৃষি-ভিত্তিক ই-বাণিজ্য প্ল্যাটফর্ম তৈরী করে তার জন্য একটি উপযুক্ত নেটওয়ার্ক ডেলিভারী পদ্ধতি চালুকরণ।

২. নীতির প্রতি আস্থা ও দায়বদ্ধতা (Integrity)

২.১. ই-বাণিজ্য খাতের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে দক্ষ জনবল তৈরী করা।

২.২. নীতির প্রতি আস্থা ও শ্রদ্ধা প্রদর্শণপূর্বক ই-কমার্সের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনায় সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

২.৩. ই-বাণিজ্য সহায়ক আস্থাজনক পরিবেশ সৃষ্টি করা এবং সরকারী সকল প্রকার সেবা প্রদানে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

২.৪. ই-বাণিজ্য খাতের সকল কর্মকান্ড পরিচালনার জন্য একটি নির্দিষ্ট ই-বাণিজ্য পোর্টাল প্রবর্তন এবং যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সরকারী-বেসরকারী প্রতিনিধিগণের সমন্বয়ে একটি কমিটি গঠন।

২.৫. দেশব্যাপী শো-রুমের মাধ্যমে ব্যবসা পরিচালনাকারী সকল কোম্পানীকে ই-বাণিজ্যখাতে বাধ্যতামূলকভাবে সম্পৃক্ত করার পদক্ষেপ গ্রহণ।

২.৬. কোম্পানী আইন সহ সকল প্রকার আইন ও বিধিমালা এবং নীতিমালায় ই-বাণিজ্য এর বিষয়বস্তু ও টার্মসমূহ অন্তর্ভুক্তিকরন সহ প্রয়োজনীয় সংশোধন, পরিবর্ধন, পরিমার্জন এর মাধ্যমে হালনাগাদ করে ই-বাণিজ্য খাতকে দেশে ও বিদেশে আস্থাশীল করে তোলার কার্যকরী উদ্যোগ গ্রহণ।

২.৭. ই-বাণিজ্য সম্পর্কিত লেনদেন কর্মকান্ডের মাধ্যমে উদ্ভুত অসন্তোষ নিরসনে সুনির্দিষ্ট আইনী কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিতকরণ।

২.৮. সরকার কর্তৃক বাণিজ্যিক ডক্যুমেন্টেশন সেবা প্রদান কর্মকান্ডকে আন্তঃপরিচালন (Inter-operability) প্রক্রিয়ার আওতাভুক্ত ডিজিটাল সুবিধা নিশ্চিতকরণের প্রক্রিয়া দ্রুত বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিতকরণ।

২.৯. অনলাইনে কাস্টমস্ সুবিধা, বিজনেস ডক্যুমেন্টস্ সুবিধা ও অন্যান্য লজিস্টিক সুবিধা প্রদান সংক্রান্ত যাবতীয় বিষয়সমূহ বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিতকরণ।

২.১০. ই-বাণিজ্য খাতের সার্বিক উন্নয়নের স্বার্থে সারাদেশে সরকারী/ স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠান/ বেসরকারী পর্যায়ের সকল কর্মচারীরআইসিটি ও ই-বাণিজ্য বিষয়ে দক্ষতা অর্জন, সক্ষমতা বিনির্মাণ ও জ্ঞান উন্নয়ন এর মাধ্যমে দক্ষ সরকারী জনবল গড়ে তুলতে প্রশিক্ষণ ও সচেতনামূলক কর্মসূচীর উদ্যোগ গ্রহণ করে তা বাস্তবায়ন করার প্রক্রিয়া ত্বরান্বিতকরণ।

৩. ই-বাণিজ্য জগতে সর্বজনীন প্রবেশাধিকার (Universal Access) নিশ্চিতকরণ

৩.১. সকলের জন্য টেলিযোগাযোগ প্রযুক্তি ও ইন্টারনেটে অভিগম্যতা সহজীকরণ সহ ই-বাণিজ্য খাতে সর্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণে নির্ভরযোগ্য আইসিটি অবকাঠামো উন্নয়ন।

৩.২. ই-বাণিজ্য জগতে সর্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণে সারাদেশে ওয়ার্ড পর্যায় পর্যন্ত পাকা সড়ক অবকাঠামো উন্নয়নে স্বল্প-মেয়াদী কার্যকরী উদ্যোগ গ্রহণ।

৩.৩. SMME মডেলভুক্ত এবং ক্ষুদ্র ও কুটির শিল্প সহ এফবিসিসিআই ভুক্ত চেম্বার অব কমার্স এর সকল সদস্য এবং সকল প্রকার শিল্প ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের জন্য ই-বাণিজ্য খাতে অংশগ্রহণের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনা করা বাধ্যতামূলক করার উদ্যোগ গ্রহণ।

৪. ই-বাণিজ্য/E-Business সম্পর্কিত কর্মকান্ড পরিচালনা বিষয়ক কার্যালয় প্রতিষ্ঠা

৪.১. দেশের ই-বাণিজ্য খাতকে বর্তমান বিশ্বে প্রচলিত ব্যবস্থার সাথে সামঞ্জস্য বিধান এবং এ খাত এর দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়ন সাধনের লক্ষ্যে ই-বাণিজ্য সম্পর্কিত বিষয়সমূহে গবেষণা কার্য পরিচালনা, তথ্য ও উপাত্ত সংগ্রহ, সমস্যা চিহ্নিতকরণ এবং পরীক্ষা-নীরিক্ষা ও পর্যালোচনারমাধ্যমে বিদ্যমান ও উদ্ভুত সমস্যা নিরসনে দৈনন্দিন কর্মকান্ড পরিচালনার উদ্দেশ্যে একটি কার্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ।

৪.২. সরকার এবং দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন এফবিসিসিআই, বেসিস এবং ই-ক্যাব এর প্রতিনিধিগণের সমন্বয়ে বিভিন্ন কমিটি যেমন-Advisory Committee, Inter-agency Planning Committee,Technical Committee গঠনকরা।

৫. ই-বাণিজ্য খাত এর সক্ষমতা (Strength) নির্ণয় ও দূর্বলতা (Weakness) চিহ্নিতকরণ

৫.১. বিশ্ব বাণিজ্য সংস্থা ও ই-বাণিজ্য খাতে বিশ্বের বিভিন্ন দেশ কর্তৃক প্রণীত নীতিমালায় উল্লিখিত বিষয়বস্তুর আলোকে বাংলাদেশে ই-বাণিজ্য খাত এর সক্ষমতা (Strength) নির্ণয় ও দূর্বলতা (Weakness) চিহ্নিতকরণ-এ কার্যকরী উদ্যোগ গ্রহণ।

৫.২. ই-বাণিজ্য খাত সংশ্লিষ্ট নির্ণীত সক্ষমতার সঠিক প্রয়োগ এবং দূর্বলতাসমূহ দূরীকরণে মেকানিজম অনুসন্ধান ও বাস্তবায়ন।

৫.৩. সার্বিক দিক থেকে বাংলাদেশের ই-বাণিজ্য খাতকে আন্তর্জাতিক ডিজিটাল ব্যবস্থার সাথে সামঞ্জস্যতা বিধান সাপেক্ষে যুগোপযোগী করার মাধ্যমে এ খাতের সামগ্রিক উন্নয়ন সাধন।

৫.৪. এ সকল কাজে নিয়মিত তদারকি অব্যাহত রাখা।

৬. ই-বাণিজ্য খাতের সম্প্রসারণে মানব সম্পদ উন্নয়ন

৬.১. দেশের শিক্ষার পরিধি সম্প্রসারণ ও মান উন্নয়ন করা।

৬.২. আইসিটি খাতে মেধাসম্পদ এবং দক্ষ অর্থনৈতিক জনবল সৃষ্টিকরণে দীর্ঘ-মেয়াদী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ গ্রহণ।

৬.৩. আইসিটি এর বিষয়বস্তু এবং ই-বাণিজ্য সম্পর্কিত বিষয়সমূহ মাধ্যমিক ও উচ্চমাধমিক সহ বিশ্ববিদ্যালয় এর সংশ্লিষ্ট পাঠ্যক্রমে অন্তর্ভুক্তিকরণের উদ্যোগ গ্রহণ।

৬.৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-তে উল্লিখিত সেন্টার অব এক্সেলেন্স প্রতিষ্ঠা সংক্রান্ত পরিকল্পনা দ্রুত বাস্তবায়ন করা।

৬.৫. দেশের সকল সরকারী ও বেসরকারী প্রশিক্ষণ কেন্দ্রেই-বাণিজ্য সম্পর্কিত Short Course এবং Diploma Course গুরুত্ব সহকারে চালু করার উদ্যোগ গ্রহণ।

৬.৬. ই-বাণিজ্য এর বিষয়বস্তু, ইলেক্ট্রনিক লেনদেন সংক্রান্ত অপরাধ চিহ্নিতকরণ ও নিরোধ বিষয়ক সম্যক জ্ঞান ও অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণ ও বিচার কার্য সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে বিচার বিভাগের কর্মকর্তা, কেন্দ্রীয় আইন প্রয়োগকারী সংস্থা, এনবিআর কর্মকর্তা এবং সাইবার অপরাধ প্রতিরোধ সংক্রান্ত গোয়েন্দা কর্মকর্তা ও বিশেষায়িত আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ।

৬.৭. বাংলাদেশ ব্যাংক এর কর্মকর্তা-কর্মচারী সহ সরকার নিয়ন্ত্রিত সকল তফশিলী ব্যাংক, অন্যান্য সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্তকর্তা কর্মচারীদের ই-বাণিজ্য এর বিষয়বস্তু, ইলেক্ট্রনিক লেনদেন সম্পর্কিত যথাযথ জ্ঞান ও দক্ষতা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ইন্সটিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট এর প্রশিক্ষণ কর্মসূচীর তালিকায় ই-বাণিজ্য অন্তর্ভুক্তকরণ।

৭. ই-বাণিজ্য খাত সংশ্লিষ্ট ঝুঁকি চিহ্নিতকরণ এবং ব্যবস্থাপনা ও তদারকি

৭.১. ই-বাণিজ্য এর মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় এবং আর্থিক লেনদেন সংক্রান্ত বিভিন্ন ঝুঁকি চিহ্নিতকরণে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি Risk Factors Management Committee গঠন।

৭.২. সাইবার অপরাধ, সাইবার পাইরেসী, হ্যাকিং, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং সহ বিভিন্ন বিষয়ে বিদ্যমান ও উদ্ভুত ঝুঁকি চিহ্নিতকরণ, ব্যবস্থাপনা ও তদারকি বিষয়ে জাতীয় সাইবার ক্রাইম নীতিমালার আওতায় টেকসই মেকানিজক প্রণয়ন।

৭.৩. দেশের অভ্যন্তরে সংঘটিত সাইবার অপরাধ এর তদন্ত ও বিচার প্রক্রিয়া দ্রুত নিষ্পত্তির ব্যবস্থাকরণ।

৭.৪. আন্তর্জাতিক পর্যায়ে ইলেক্ট্রনিক লেনদেন সংক্রান্ত অপরাধ নিরসনে WTO কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা অনুযায়ী আন্তর্জাতিক পর্যায়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের সুবিচার প্রাপ্তির লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ।

৭.৫. ইলেক্ট্রনিক পদ্ধতির নানাবিধ ত্রুটি ও সমস্যা চিহ্নিকরণ, দ্রুত সমাধানের উপায় অনুসন্ধান ও বাস্তবায়ন নিশ্চিতকরণে সরকারী-বেসরকারী অংশীদারিত্বে সংশ্লিষ্ট ক্ষেত্রে দক্ষ ও অভিজ্ঞ প্রতিনিধিগণের সমন্বয়ে একটি Risk Factors Address Team গঠন।

৮. আইনী অবকাঠামো (Regulatory Framework) প্রণয়ন

৮.১. বিশ্ব বাণিজ্য সংস্থার দিকনির্দেশনা এবং দেশের প্রচলিত বিভিন্ন নীতিমালা, আইন ও পরিকল্পনাসমূহের আলোকে দেশের ই-বাণিজ্য খাত এর পরিচালিত ব্যবসা-বাণিজ্য ও লেনদেন সংক্রান্ত নিরাপত্তা, নিয়ন্ত্রণ, তদারকি এবং বিচার সম্পর্কিত সুনির্দিষ্ট আইনী অবকাঠামো প্রণয়ন।

৮.২. ই-বাণিজ্য ভোক্তাদের জন্য আস্থাশীল পরিবেশ তৈরীর জন্য ভোক্তা স্বার্থ সংরক্ষণ আইন প্রণয়ন।

৮.৩. কোনরূপ ডিজিটাল যোগাযোগ ব্যবস্থা প্রচলিত সমাজ ব্যবস্থা এবং ব্যবসায়ী রীতিনীতি-কে অবশ্যই লঙ্ঘন করবে না উল্লেখপূর্বক ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং ভোক্তাদের জন্য 'কোড অব কন্ডাক্ট প্রণয়ন'।

৮.৪. আন্তর্জাতিক পর্যায়ে ব্যবসা-বাণিজ্য সম্পাদন করতে যে কোন বাণিজ্যিক চুক্তির ক্ষেত্রে সার্বজনীন (জাতীয় ও আন্তর্জাতিক) মেকানিজম/পদ্ধতি বিশেষ করে WTO কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা অনুসরণপুর্বক করার ব্যবস্থা গ্রহণ।

৮.৫. আর্থিক লেনদেন এবং অসন্তোষ নিরসনের বিষয়াদি সুষ্ঠুভাবে দেখভাল, তদারকি ও নিয়ন্ত্রণ করার লক্ষে সরকারের বিভিন্ন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় সাধন ও সহযোগিতামূলক সম্পর্ক নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ।

৮.৬. বিদ্যমান বাণিজ্য, ব্যাংকিং ও লেনদেন সংশ্লিষ্ট সকল নীতিমালা, আইন, বিধি, আইন প্রয়োগকারী সংস্থা, বিচার বিভাগইত্যাদি-তে ই-বাণিজ্য সংক্রান্ত বিষয়বস্তু ও টার্মসমূহ অন্তর্ভুক্তকরণ।

৮.৭. সাইবার অপরাধ তদন্ত ও নির্ণয়ের লক্ষ্যে পুলিশের বিশেষ ইউনিট এবং নির্দিষ্ট ট্রাইব্যুনাল গঠন।

৮.৮. কম্পিউটার ইমার্জেন্সী রেসপন্স টীম গঠন এবং আইসিটি বিভাগের আওতায় সাইবার নিরাপত্তা এজেন্সী স্থাপন।

৮.৯. সাইবার অ্যাক্ট-কে আধুনিকীকরণ, দ্রুত বিরোধ নিরসন, সাইবার সম্পর্কিত সমস্যাসমূহ হতে সুরক্ষা ব্যবস্থা গ্রহণ, ভোক্তা সুরক্ষা আইন ও মেধাস্বত্ব সুরক্ষা আইন প্রণয়ন।

৮.১০. মোবাইল অপারেটরদের নেট নিরপেক্ষতা বজায় রাখার বিষয় বিটিআরসি এর সংশ্লিষ্ট আইনী কাঠামোতে অন্তর্ভুক্তকরণ ও দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ।

৮.১১. পেটেন্ট এবং ডিজাইন এ্যাক্ট আইসিটি ও ই-বাণিজ্য শিল্প সহায়ক করার জন্য সংশোধন করার উদ্যোগ গ্রহণ।

৮.১২. যথাযথ ডিজিটাল সনদপত্র ও ট্রেড লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে কোন ব্যক্তি বা কোম্পানী বা প্রতিষ্ঠান অনলাইনে কোনরূপ ব্যবসা-বাণিজ্য পরিচালনা, ডিজিটাল মার্কেটিং কর্মকান্ডে অংশগ্রহণ, ফেসবুক বা মোবাইল বাণিজ্য তথা তৎসদৃশ কোনরূপ অনলাইন বাণিজ্যে অংশগ্রহণ বা বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করতে পারবে না; অথবা কোন রকম অনলাইন কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

৯. ই-বাণিজ্য সম্পর্কিত গবেষণা কার্যক্রম পরিচালনা

৯.১. দ্রুত পরিবর্তনশীল ডিজিটাল বিশ্বব্যবস্থায় উদ্ভুত বিষয়বস্তু, বিশ্ব মার্কেট এর বিভিন্ন চলক ও উপাদানসমূহ নিয়ে নিয়মিতভাবে গবেষণা কার্য পরিচালনা করা হবে।

৯.২. ই-বাণিজ্য সম্পর্কিত বিবিধ সমস্যা চিহ্নিতকরণ এবং চ্যালেঞ্জসমূহ মোকাবিলা আশু করণীয় বিষয়ে সরকার বা নিয়ন্ত্রণকর্তৃপক্ষকে সুপারিশ এবং উপযুক্ত সৃজনশীল প্রযুক্তিগত সমাধান প্রদান।

৯.৩. একটি জাতীয় ই-বাণিজ্য গবেষণা ও উন্নয়ন কেন্দ্র স্থাপন করার উদ্যোগ গ্রহণ।

১০. ই-বাণিজ্য সহায়ক নিরাপদ ও আস্থাজনক পরিবেশ সৃষ্টি

১০.১. ই-বাণিজ্য খাতের বিভিন্ন দিকসমূহ ও কর্মকান্ড সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা কার্য পরিচালনা করা।

১০.২. এ খাতের মাধ্যমে ক্রয়-বিক্রয় জনিত ভয় দূর করার জন্য ই-বাণিজ্য সম্পর্কিত নিরাপদ ব্যবস্থাপনা ও যথার্থ পরিবেশ বিষয়ক তথ্য জনগণের নিকট পৌঁছানোর জন্য প্রচার-প্রচারণা মূলক বিভিন্নমুখী সঠিক পদক্ষেপ গ্রহণ করা।

১০.৩. এ খাতে বাংলাদেশের অবস্থান তুলে ধরার জন্য দেশের সকল জেলা শহরে এবং বিদেশে নিয়মিতভাবে ই-বাণিজ্য মেলার আয়োজন করা।

১০.৪ দেশীও বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে সরকারের সেবামূলক বিষয়সমূহকে আন্তঃপরিচালন (Inter-operability) প্রক্রিয়ার আওতায় ডিজিটাল সুবিধা নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ।

১০.৫. সুনির্দিষ্ট কেন্দ্রীয় ই-বাণিজ্য পোর্টাল প্রবর্তন।

১০.৬. লেনদেন সংক্রান্ত বিষয়ে উদ্ভুত অসন্তোষ নিরসনে সুনির্দিষ্ট আইনী কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিতকরণের মাধ্যমে ই-বাণিজ্য সহায়ক নিরাপদ ও আস্তাজনক পরিবেশ সৃষ্টি।

১০.৭. দেশী-বিদেশী বিনিয়োগ উৎসাহকরণে ব্যাংকিং লেনদেন সুবিধা, ব্যাংক ঋণ সুবিধা, রপ্তানী পণ্য ও সেবা ভিত্তিক আর্থিক প্রণোদনা, কর অবকাশ সহ প্রযোজ্য কাস্টমস্ সুবিধা, সারাদেশে সড়ক ও ইন্টারনেট অবকাঠামোগত সুবিধা প্রদানের উদ্যোগ গ্রহণ।

১০.৯. কাস্টমস্ শুল্ক ও অন্যান্য প্রযোজ্য ফি অনলাইনে প্রদানের ব্যবস্থাকরণ এবং পণ্য খালাস প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণ।

১০.১০. আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী ই-বাণিজ্য ইন্ডাষ্ট্রী এর যোগ্যতা/মান/যথার্থতা নির্ণয় এবং ডিজিটাল সনদপত্র প্রদান।

১০.১১. ব্যাংকিং, ই-পেমেন্ট এবং নিরাপদ তথ্য ব্যবস্থাপনা।

১০.১২. সাইবার অপরাধ প্রতিরোধ এবং মেধাস্বত্ব অধিকার সুরক্ষা।

১১. ই-বাণিজ্য এর মাধ্যমে দেশীয় পণ্য ও সেবা আমদানী ও রপ্তানী

১১.১. দেশের বিদ্যমান সকল বাণিজ্য সংক্রান্ত নীতিমালা ও আইন এর মৌলিক বিষয়বস্তু অক্ষুন্ন রেখেই-বাণিজ্য নীতিমালার আলোকে আমদানী ও রপ্তানী সংক্রান্ত ব্যবসা-বাণিজ্য পরিচালনা।

১১.২. অভ্যন্তরীণ ও বিশ্ববাজারে পণ্য ও সেবা চাহিদা মেটাতে, বৈদিশিক বাণিজ্য হতে আয় বাড়াতে এবং বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করতে ই-বাণিজ্য এর মাধ্যমে সকল প্রকারের পণ্য ও সেবা আমদানী ও রপ্তানী বিষয়ক কর্মকান্ড ই-কমার্সের আওতাভুক্তকরণ।

১১.৩. আমদানী নির্ভরশীলতা কমাতে আইসিটি শিল্প ও সেবা খাতসহ সকল শিল্পের উন্নয়ন নিশ্চিতকরণ।

১১.৪. ই-কমার্সের মাধ্যমে রপ্তানী খাতের প্রভুত উন্নয়নের স্বার্থে আর্থিক প্রণোদনা পরিসর ও পরিমাণ বৃদ্ধি এবং বিনা জামানতে এল.সি ঋণ প্রাপ্তি সহজীকরণ।

১১.৫. ই-বাণিজ্য শিল্প স্থাপন, গুণগত পণ্য ও সেবা এর উৎপাদনশীলতা বৃদ্ধি, নতুন নতুন ই-বাণিজ্য উদ্যোক্তা তৈরী সহ নতুন নতুন রপ্তানীযোগ্য পণ্যের নতুন বাজার অন্বেষণ এবং বিদ্যমান পণ্যের বাজার সম্প্রসারণ এর লক্ষ্যে প্রতি জেলায় রপ্তানী উন্নয়ন জোন ও ই-বাণিজ্য বাণিজ্য কেন্দ্র স্থাপন।

১১.৬. ই-বাণিজ্য এর মাধ্যমে দেশীয় পণ্য ও সেবা রপ্তানী বৃদ্ধিকল্পে বাংলাদেশ দূতাবাসসমূহকে অর্থনৈতিক কর্মকান্ডে অধিকতর সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ।

১২. ই-বাণিজ্য খাতে বিনিয়োগের সাধারণ নিয়মাবলী

১২.১. ই-বাণিজ্য খাতে বিনিয়োগের ক্ষেত্রে বিদেশী বেসরকারী বিনিয়োগ আইন-১৯৮০ (প্রচার ও সুরক্ষা) ও বাংলাদেশ বিনিয়োগ প্রবিধান ১৯৮৯-তে বর্ণিত বিধি-বিধান, আইন, আদেশ অবশ্য প্রতিপালনযোগ্য বলে বিবেচিত হবে।

১২.২. বিনিয়োগের ক্ষেত্রে দেশীয় ই-বাণিজ্য ইন্ডাস্ট্রী এর স্বার্থসমূহকে প্রাধিকারপ্রদান করা হবে।

১২.৩. আইসিটি খাত সহ সকল খাতে দেশী ও বিদেশী বিনিয়োগ উদ্বুদ্ধকরণ বিভিন্ন সুবিধা প্যাকেজ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে।

১২.৪. সরকার বা সরকার কর্তৃক নিয়োগকৃত দপ্তর/ পরিদপ্তর/ কার্যালয় এর নিকট হতে যথাযথ অনুমতি গ্রহণ ব্যতিরেকে দেশে কোনরূপ বিনিয়োগ বা বাণিজ্যিক কর্মকান্ড পরিচালনা গ্রহণযোগ্য হবে না।

১২.৫. বিনিয়োগ সংক্রান্ত যে কোন শিল্প প্রতিষ্ঠায় এবং ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রচলিত আইন, বিধি-বিধান, নিয়ম-কানুন, পদ্ধতি ইত্যাদি বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে।

১৩. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

১৩.১. দেশব্যাপী ক্ষুদ্র ও মধ্যম পর্যায়ের সকল ধরণের শিল্প বিকাশে কার্যকরী উদ্যোগ গ্রহণ।

১৩.২. ই-কমার্সের সম্ভাবনা কাজে লাগিয়ে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্য ও সেবা এর নতুন নতুন মার্কেট সৃষ্টি এবং চাহিদা অনুযায়ী সারাদেশে SMME-ভুক্ত শিল্প বিস্তার করার উদ্যোগ গ্রহণ।

১৩.৩. ই-বাণিজ্য উদ্যোক্তাদের জন্য যথাযথ প্রশিক্ষণ সুবিধা নিশ্চিতকরণ।

১৩.৪. আইসিটি বিষয়ক দক্ষ পেশাজীবী তৈরীর পরিকল্পনা বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিতকরণ।

১৩.৫. স্থানীয় ই-বাণিজ্য খাতের সামগ্রিক উন্নয়নে এবং ই-বাণিজ্য উদ্যোক্তাদের কর্তৃক উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, প্রশিক্ষণ ও আর্থিক সুবিধা প্রদানের নিমিত্তে আন্তঃজেলা ই-বাণিজ্য কেন্দ্র প্রতিষ্ঠা।

১৪. ডিজিটাল মার্কেটিং

১৪.১. ডিজিটাল প্রযুক্তি তথা ইন্টারনেট সুবিধা ব্যবহার করে সামাজিক মাধ্যম যেমন ফেসবুক, লিঙ্কড-ইন ও গুগল সার্চ ইঞ্জিন, ওয়েব ও ডিজিটাল যে কোন মিডিয়া ভিত্তিক মার্কেটিং এবং বিজ্ঞাপণ ব্যবস্থায় পরিচালিত ই-বাণিজ্য বাণিজ্য সহজীকরণ ও সম্প্রসারণ-এ উদ্যোগ গ্রহণ।

১৪.২. ডিজিটাল মার্কেটিং ব্যবসা পরিচালনায় বাণিজ্যিক লাইসেন্স ও সনদ গ্রহণ এর বাধ্যবাধকতা নির্ধারণ।

১৪.৩. বিজ্ঞাপনে শঠতামূলক কর্মকান্ড নিরোধের আইনী ব্যবস্থা স্থিরকরণ।

১৪.৪. বিজ্ঞাপন সংক্রান্ত বিল প্রদান প্রক্রিয়া ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে পরিশোধের ব্যবস্থাকরণ।

১৪.৫. ই-বাণিজ্য খাত এর অধিকতর উন্নয়নে প্রচার ও প্রসারের স্বার্থে ভ্যাট ও কর অব্যাহতি সহ নানাবিধ সুবিধা প্রদানের উদ্যোগ গ্রহণ।

১৫. ওয়েব ডেভেলপমেন্ট, হোস্টিং ও মেইনটেন্যান্স এবং কনটেন্ট ডেভেলপমেন্ট

১৫.১. ওয়েবসাইট ডেভেলপমেন্ট, হোস্টিং এন্ড মেইনটেন্যান্স বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ।

১৫.২. কনটেন্ট ডেভেলপমেন্ট বিষয়ে সুনির্দিষ্ট দিকনির্দেশনামূলক একটি নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ।

১৬. ই-বাণিজ্য সহায়ক বিষয়সমূহ

১৪.১. ই-বাণিজ্য ইন্ডাস্ট্রীর এর সম্পদের মূল্য নির্ধারণ সংক্রান্ত মেকানিজম প্রয়োগ।

১৪.২. আর্থিক সহায়তা ও প্রণোদনা প্রদান।

১৪.৩. স্বল্পসুদে ব্যাংক ঋণ এর ব্যবস্থা।

১৪.৪. ইএফটি সহ বাংলাদেশ ব্যাংক এর লোন স্কীমে আইসিটি বিষয়ক ইন্ডাস্ট্রী এবং SMME-ভুক্ত শিল্পের অন্তর্ভুক্তি ও অগ্রাধিকার প্রদান।

১৪.৫. সারাদেশের সড়ক অবকাঠামোগত উন্নয়ন।

১৪.৬. বাংলাদেশ পোস্টাল ও কুরিয়ার সার্ভিস সেবা উন্নয়ন।

১৪.৭. প্রান্তিক পর্যায়ে স্বল্পমূল্যে ব্রডব্যান্ড ও উচ্চ ব্যান্ডউইথ সম্পন্ন ওয়াইফাই ইন্টারনেট সুবিধা প্রদান।

১৪.৮. কর অবকাশ ও কর অব্যাহতি।

অধ্যায়-০৪

কৌশলগত বিষয়সমূহ বাস্তবায়নের কর্ম-পরিকল্পনা

কর্ম-পরিকল্পনা (Action Plan)

নীতিমালার অন্তর্গত কর্ম-পরিকল্পনাসমূহ হচ্ছে ই-বাণিজ্য নীতিমালার সাফল্য ও ব্যর্থতার প্রকৃত পরিমাপক। তাই, কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন তদারকি (Monitoring) ফলপ্রসু করতে প্রতিটি করণীয় বিষয় বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি পরিমাপক নির্ধারণ করা দরকার হবে।

সন্নিবেশিত ---টি কর্ম-পরিকল্পনার মধ্যে কিছু কর্মপরিকল্পনাকে এক-তারকা দ্বারা চিহ্নিত করে একই উদ্দেশ্য পূরণকল্পে বর্ণিত অন্যান্য কর্ম-পরিকল্পনার চেয়ে গুরুত্বপূর্ণ গণ্য করা হয়েছে। আবার কিছু কর্ম-পরিকল্পনা অধিকতর গুরুত্বপূর্ণ বিবেচনায় দুই-তারকা দ্বারা চিহ্নিত করা হয়েছে।

উদ্দেশ্য এবং কৌশলগত বিষয়গুলোই কর্ম-পরিকল্পনাসমূহকে পরিচালিত করবে। মূল উদ্দেশ্যের ভিত্তিতে কর্ম-পরিকল্পনাগুলোকে প্রথমে সাজানো হয়েছে এবং তারপর সেগুলোকে কৌশলগত বিষয়বস্তু অনুযায়ী ভাগ করা হয়েছে। সারণীতে উদ্দেশ্য ও কর্ম-পরিকল্পনাসমূহের ক্রমিক ধারাবাহিকভাবে দেয়া হয়েছে। প্রতিটি কর্ম-পরিকল্পনার জন্য স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নকাল দেখানো হয়েছে।

যেহেতু তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত অত্যন্ত দ্রুত পরিবর্তনশীল, তাই আগামী ২ বছরে ই-বাণিজ্য জগতে কিরূপ পরিবর্তন হতে পারে তা অনুমান সাধ্যাতীত। স্বল্প-মেয়াদী করণীয় বিষয়গুলো ই-বাণিজ্য খাতে বর্তমান সময়ের চাহিদা হিসেবে নিরূপণ করা হয়েছে। অন্যদিকে, মধ্য-মেয়াদী এবং দীর্ঘ-মেয়াদী করণীয় বিষয়গুলো বাস্তবতা এবং ই-বাণিজ্য খাতের সামগ্রিক উন্নয়নের প্রেক্ষিতে প্রতিবছর নতুন করে বিবেচনা করার প্রয়োজন রয়েছে।

